স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

রাজস্ব বাজেটে "মেরামত ও সংরক্ষণ খাত"-এর আওতায়

# উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা




স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
এপ্রিল, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

**উন্নয়নের গণতন্ত্র**
**শেখ হাসিনার মূলমন্ত্র**

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২৪.১৭. ৮০৮

তারিখ ঃ ১০ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ।
২৫ জুলাই, ২০১৭ খ্রিঃ।

প্রেরক ঃ ইকরামুল হক
অতিরিক্ত সচিব

প্রাপক ঃ প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

বিষয়ঃ **উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সরকার কর্তৃক ইতোমধ্যে বেশ কিছু উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা হয়েছে এবং পরবর্তীতে চাহিদা অনুযায়ী এ সকল কমপ্লেক্স ভবনের সম্প্রসারণ/পুন:নির্মাণ করা হয়েছে বা হচ্ছে। এছাড়া অনুমোদিত টাইপ ডিজাইন অনুসরণ করে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে অধিকাংশ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা হয়েছে এবং অবশিষ্ট ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন পর্যায়ক্রমে নির্মাণ করা হবে।

২। অনেক উপজেলা পরিষদ কমপ্লেক্সের উপজেলা পরিষদ ভবন এবং ইউনিয়ন পরিষদ ভবন যথাযথ রক্ষণাবেক্ষণের অভাবে জড়াজীর্ণ এবং কালক্রমে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ছে। এ সকল ভবনসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণ না করলে নিকট ভবিষ্যতে বড় ধরণের মেরামত বা পুন:নির্মাণের প্রয়োজন হবে। সেক্ষেত্রে বিপুল অর্থের প্রয়োজন হবে বিধায় ভবনগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষণ অতিব জরুরী।

৩। সে পরিপ্রেক্ষিতে জাতীয় বাজেটের "মেরামত ও সংরক্ষণ এর অধীন অন্যান্য ভবন ও স্থাপনা" খাতের আওতায় সংস্থানকৃত অর্থ দ্বারা এলজিইডি'র মাধ্যমে নির্মিত উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের ভবনসমূহ রক্ষণাবেক্ষণ ও মেরামতের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৪। উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন ব্যবহার উপযোগী রাখার নিমিত্ত বাজেটে বরাদ্দকৃত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করার ও সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা গড়ে তোলার লক্ষ্যে "উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা" প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে এ নির্দেশিকা যথাযথ অনুসরণ করতে হবে।

৫। এ নির্দেশিকা জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

২৫/৭/২০১৭

(ইকরামুল হক)
অতিরিক্ত সচিব
(সচিবের রুটিন দায়িত্ব)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্যঃ

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২৪.১৭.৮০৮/২(১২)

তারিখ ঃ ১০ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ। / ২৫ জুলাই, ২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. বিভাগীয় কমিশনার (সকল), ......................................... বিভাগ।
২. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ (সকল)..............................বিভাগ।
৩. জেলা প্রশাসক (সকল)..........................................জেলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)...................................জেলা।
৫. চেয়ারম্যান (সকল উপজেলা পরিষদ)................................উপজেলা............................জেলা।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...............................উপজেলা...............................জেলা।
৭. চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ)..............ইউনিয়ন পরিষদ.............উপজেলা....................জেলা।

২৫/৭/১৭

(মোঃ মাহাবুবুর রহমান )
উপসচিব

☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০২৪.১৭.৮০৮/২(৮)

তারিখ ঃ ১০ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ। / ২৫ জুলাই, ২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,সচিবালয়, ঢাকা।
৪. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলানগর, ঢাকা।
৫. সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৬. মহা পরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫/৭/১৭

(মোঃ মাহাবুবুর রহমান )
উপসচিব

# উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ ভবন
# মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়ন নির্দেশিকা

দেশের অনেক উপজেলা পরিষদ কমপ্লেক্সের উপজেলা পরিষদ ভবন এবং ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সের ইউনিয়ন পরিষদ ভবন যথাযথ রক্ষণাবেক্ষণের অভাবে জরাজীর্ণ হয়ে পড়েছে। প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ বা মেরামতের অভাবে কোন কোন ভবন দিন দিন ব্যবহারের অনুপযোগী হচ্ছে। বর্তমানে যে সকল ভবন ব্যবহার উপযোগী রয়েছে সেগুলিও নিয়মিত রক্ষণাবেক্ষণ না করলে ভবিষ্যতে বড় ধরনের মেরামত ও পুনর্বাসনের প্রয়োজন হবে। এতে বিপুল পরিমাণ অর্থেরও প্রয়োজন হবে। তাই ভবনগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষণ অতীব জরুরি। এসব দালান কোঠা নির্মাণ/পুনঃনির্মাণ, রক্ষণাবেক্ষণ ও মেরামত একটি চলমান প্রক্রিয়া। এলজিইডি'র মাধ্যমে রাজস্ব বাজেটে "মেরামত ও সংরক্ষণ খাতের অন্যান্য ভবন ও স্থাপনা উপখাত"-এর আওতায় উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের ভবন সমূহ রক্ষণাবেক্ষণ ও মেরামতের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের এ সকল ভবন যথাযথ সংরক্ষণের জন্য নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করে কাজ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(ক) <u>চাহিদা নিরূপন ও অগ্রাধিকার তালিকা প্রণয়ন</u> ঃ

১. সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদ কমপ্লেক্সে অবস্থিত উপজেলা পরিষদের মালিকানাধীন ভবন ও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে ইউনিয়ন পরিষদের মালিকানাধীন ভবনসমূহের হালনাগাদ তালিকা (এমএস এক্সেলে সফ্‌ট কপিসহ) প্রণয়ন করে তাঁর দপ্তরে সংরক্ষণ করবেন এবং অনুলিপি (সফ্‌ট কপিসহ) সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী'র দপ্তর ও এলজিইডি, সদর দপ্তরে প্রেরণ করবেন।

২. উপজেলা প্রকৌশলী বা তাঁর প্রতিনিধি (উপজেলা সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী বা সম-মর্যাদার কর্মকর্তা) তালিকাভুক্ত সকল উপজেলা ও ইউনিয়ন পরিষদের মালিকানাধীন ভবনসমূহ সরেজমিনে পরিদর্শন করে সংযুক্ত ছক-১ ও ছক-২ অনুযায়ী মেরামত ও রক্ষণাবেক্ষনের আনুমানিক চাহিদা নিরূপন করবেন। মেরামত ও রক্ষণাবেক্ষণের চাহিদা নিরূপনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ হলোঃ ভবনের নির্মাণ বছর, বর্তমান অবস্থা, ছাদ দিয়ে পানি পড়া, ছাদে পানি জমে থাকা, ছাদের আস্তরন খসে পড়া, মেঝে বসে যাওয়া, পয়নিষ্কাশন ব্যবস্থা, পানি সরবরাহ ব্যবস্থা, বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা, প্লাষ্টার ও রং উঠে যাওয়া, দরজা/জানালা ভেঙ্গে যাওয়া, টয়লেটের অবস্থা ইত্যাদি।

৩. উপজেলা পরিষদ কমপ্লেক্সে অবস্থিত উপজেলা পরিষদের নিজস্ব মালিকানাধীন অফিস ভবন ও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে অবস্থিত ইউনিয়ন পরিষদের মালিকানাধীন অফিস ভবন সমূহ-কে প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রমের আওতাভূক্ত করতে হবে।

৪. উপজেলা পরিষদ বা ইউনিয়ন পরিষদের মালিকানাধীন নয় বা বিভিন্ন বিভাগ, মন্ত্রণালয় কর্তৃক নির্মিত ও ব্যবহৃত ভবন এরূপ বিবেচনার আওতাভূক্ত হবে না। সব ধরনের কাজের ও অর্থের দ্বৈততা পরিহার করতে হবে।

৫. গুরুত্বপূর্ণ অংগ সমূহ বিবেচনায় নিয়ে উপজেলা পরিষদের ভবনসমূহ মেরামতের জন্য সর্বোচ্চ ৩০.০০(ত্রিশ) লক্ষ টাকা এবং ইউনিয়ন পরিষদের ভবনের ক্ষেত্রে সর্বোচ্চ ১৫.০০(পনের) লক্ষ টাকার মধ্যে চাহিদা নিরূপন করতে হবে। এর চেয়ে বেশী অর্থের প্রয়োজন হলে এলজিইডি সদর দপ্তরের পূর্বানুমতি নিয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. ভবনসমূহ মেরামতের জন্য অগ্রাধিকার তালিকা প্রস্তুতের সময় ভবনের স্থায়ীত্ব বৃদ্ধির প্রয়োজনীয় আইটেমের কাজকে প্রাধিকার দিতে হবে এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রস্তাবিত ভবনের বর্তমান অবস্থা ও বিগত ৫(পাঁচ) বছরের মধ্যে (এডিপি বা নিজস্ব তহবিল বা অন্য কোন তহবিলের আওতায়) মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ না হয়ে থাকলে তা বিবেচনা করতে হবে।

৭. ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সমন্বয় সভার রেজুলেশনসহ প্রাথমিক চাহিদা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী-এর দপ্তরে দাখিল করবেন। উপজেলা প্রকৌশলী তাঁর উপজেলাধীন ইউপি হতে প্রাপ্ত ইউপি কমপ্লেক্স ভবন মেরামতের প্রস্তাবসমূহ এবং তাঁর উপজেলা পরিষদ ভবন মেরামতের প্রয়োজন হলে উহা উপজেলা পরিষদের সমন্বয় সভায় আলোচনা করে পরিষদের রেজুলেশনসহ উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ ভবন সমূহের রক্ষণাবেক্ষণের চাহিদার তালিকা পত্র মারফত সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি বরাবরে ১৫(পনের) এপ্রিল এর মধ্যে প্রেরণ করবেন।

৮. এলজিইডি'র সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী তাঁর কর্মপরিধিভূক্ত সকল উপজেলা হতে প্রাপ্ত তালিকা সমূহ যাচাই-বাছাই করে সংশ্লিষ্ট জেলার আওতাধীন উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ ভবন সমূহ মেরামতের লক্ষ্যে জেলা পর্যায়ের অগ্রাধিকার তালিকা চূড়ান্ত করার নিমিত্তে তথ্যাদি (ছক-৩ ও ছক-৪ অনুযায়ী) জেলা কমিটি-তে উপস্থাপন করবেন।

<u>জেলা কমিটিঃ</u>

(ক) জেলা প্রশাসক - আহ্বায়ক
(খ) উপপরিচালক (স্থানীয় সরকার) - সদস্য
(গ) জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি - সদস্য সচিব

উক্ত জেলা কমিটি সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত তালিকা পর্যালোচনা করে জেলার আওতাধীন উপজেলা পরিষদ ভবন ও ইউনিয়ন পরিষদ ভবন সমূহ মেরামতের লক্ষ্যে পরবর্তী অর্থ বছরের জন্য চাহিদা উল্লেখ করে জেলা পর্যায়ের অগ্রাধিকার তালিকা চূড়ান্ত করবেন এবং তা (ছক-৫ ও ছক-৬ অনুযায়ী) প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা বরাবরে ১৫(পনের) মে এর মধ্যে প্রেরণ করবেন।

৯. জেলা পর্যায়ের অগ্রাধিকার তালিকা প্রাপ্তির পর এলজিইডি'র প্রধান প্রকৌশলী সংশ্লিষ্ট জেলার আওতাধীন উপজেলা ও ইউনিয়ন পরিষদের সংখ্যার আনুপাতিক হারে প্রাপ্ত তহবিল জেলার অগ্রাধিকার তালিকা অনুসরণ করে উপজেলা পরিষদ ভবন ও ইউনিয়ন পরিষদ ভবন সমূহ মেরামতের জন্য বরাদ্দ প্রদান করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী বরাবর বরাদ্দ অনুযায়ী বিস্তারিত প্রাক্কলন প্রস্তুত ও কাজ বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় নির্দেশনা পত্র জারী করবেন।

## (খ) <u>প্রাক্কলন প্রস্তুত ও অনুমোদন</u> ঃ

উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তুতের সময় নিম্নলিখিত বিষয়াদি বিবেচনা করতে হবেঃ

১. উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের বিদ্যমান ভবনের ব্যত্যয় ঘটিয়ে বা ডিজাইন পরিবর্তন করে কোন ভবনের উর্ধ্ব বা পার্শ্বমুখী সম্প্রসারণ কাজ প্রাক্কলনে অন্তর্ভূক্ত করা যাবে না।

২. একাধিক অফিস ভবন থাকলে প্রতিটি ভবনের জন্য পৃথকভাবে বিস্তারিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে। অতঃপর সকল ভবনের প্রাক্কলন একীভুত (অংশ-ক, খ ইত্যাদি আকারে) করে প্রেরণ করতে হবে।

৩. প্রতিটি প্রাক্কলনের সাথে কারিগরি প্রতিবেদন, সাইট প্লান ও এর স্বপক্ষে প্রয়োজনীয় রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

৪. সব ধরনের কাজের ও তহবিলের দ্বৈততা পরিহার করতে হবে।

৫. প্রতিটি ভবনের প্রাক্কলনে অঙ্গভিত্তিক কাজের বিবরণ (যেমনঃ Civil work, Sanitary work, Water Supply and Plumbing work, Electrical work etc.) এবং প্রতিটি কাজের সুনির্দিষ্ট অবস্থান (Location) উল্লেখ করতে হবে।

৬. প্রাক্কলন এমনভাবে প্রস্তুত করতে হবে যেন কোন ভবনের সমুদয় কাজ একই চুক্তিতে বাস্তবায়ন করা যায় এবং প্রস্তাবিত মেরামত কাজ বাস্তবায়নের পরবর্তী ৪(চার) বছরের মধ্যে বিশেষ কোন কারণ ছাড়া ঐ ভবনের কোনরূপ মেরামতের প্রয়োজন না হয়।

৭. প্রাক্কলনের সাথে প্রতিটি ভবনের নির্মাণ বছর, এ যাবৎ বাস্তবায়িত মেরামত ও সংরক্ষন কাজ (বিগত ৫(পাঁচ) বছরে এডিপি বা রাজস্ব তহবিলের অর্থায়নে সম্পাদিত কাজের বিবরণ ইত্যাদি) এর সংক্ষিপ্ত বিবরণ সম্বলিত কারিগরি প্রতিবেদন সংযুক্ত করতে হবে।

৮. প্রাক্কলন প্রস্তুতকালে প্রয়োজনে এলজিইডি সদর দপ্তর এর ডিজাইন ইউনিট বা রক্ষণাবেক্ষণ ইউনিটের পরামর্শ গ্রহণ করতে হবে।

৯. এলজিইডি'র হালনাগাদ Rate Schedule এবং Software অনুসরণ করে বরাদ্দকৃত অর্থের মধ্যে প্রাক্কলন প্রস্তুত করতে হবে।

১০. এলজিইডি'র Rate Schedule বহির্ভূত কোন Item of Work অপরিহার্য হয়ে পড়লে বাজার দর অনুসরণপূর্বক Rate Analysis করে তার যৌক্তিকতা ব্যাখ্যাসহ Specification ও Rate অনুমোদনের জন্য এলজিইডি সদর দপ্তরের রক্ষণাবেক্ষণ ইউনিটে প্রেরণ করতে হবে।

১১. গুরুত্বপূর্ণ অংগ সমূহ বিবেচনায় নিয়ে উপজেলা পরিষদের অফিস ভবনসমূহ এবং ইউনিয়ন পরিষদ ভবনের মেরামতের জন্য বরাদ্দকৃত টাকার মধ্যে প্রাক্কলন সীমাবদ্ধ রাখতে হবে।

১২. উপজেলা প্রকৌশলী বিস্তারিত প্রাক্কলন (কারিগরি প্রতিবেদন, ডিজাইন, ড্রইংসহ) সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী বরাবরে ৩০(ত্রিশ) জুলাই এর মধ্যে প্রেরণ করবেন।

১৩. সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী উপজেলা প্রকৌশলী'র দপ্তর থেকে প্রাপ্ত প্রাক্কলন সমূহ পরীক্ষা-নিরীক্ষা করে তা ১৫(পনের) আগস্টের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ নিশ্চিত করবেন।

১৪. এলজিইডি'র সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী জেলা থেকে প্রাপ্ত প্রস্তাব সমূহ যাচাইপূর্বক প্রাক্কলন ৩০(ত্রিশ) আগস্টের মধ্যে অনুমোদন করবেন এবং এলজিইডি সদর দপ্তরকে অবহিত করবেন।

(গ) <u>দরপত্র আহ্বান, মূল্যায়ণ ও অনুমোদন</u> ঃ

১. প্রাক্কলন অনুমোদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, বিধিমালা, ২০০৮ (সংশোধনী সহ) এবং প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে e-GP এর মাধ্যমে OTM পদ্ধতিতে দরপত্র আহ্বান, মূল্যায়ণ এবং অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন।

২. সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী প্রাক্কলন অনুমোদন প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে দরপত্র আহ্বান করবেন। উপজেলা পর্যায়ে গঠিত দরপত্র উন্মুক্ত কমিটি কর্তৃক দরপত্র উন্মুক্ত করতে হবে এবং উপজেলা পর্যায়ে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে দাখিল করবেন।

৩. সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী সমদরের ক্ষেত্রে ৩০.০০(ত্রিশ) লক্ষ টাকা পর্যন্ত চুক্তিমূল্যের দরপত্র অনুমোদন করবেন।

৪. যে কোন উর্দ্ধদরের দরপত্রের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী (HOPE) এর অনুমোদন গ্রহণ করতে হবে।

(ঘ) কাজের তদারকি, গুনগতমান নিয়ন্ত্রণ, পরিমাপ গ্রহণ ও বিল প্রদান ঃ

১. অক্টোবর মাসের মধ্যে কাজ বাস্তবায়নের জন্য চুক্তি সম্পাদন করতে হবে। কাজের চুক্তি সম্পাদনের পরে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, দায়িত্বপ্রাপ্ত কারিগরি কর্মকর্তা ও ঠিকাদারগণের সাথে ৭(সাত) দিনের মধ্যে ম্যানেজমেন্ট মিটিং করবেন, সাইট বুঝিয়ে দিবেন ও চুক্তিপত্রের আলোকে কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় নির্দেশনা দিবেন।

২. কাজের গুনগত মান নিয়ন্ত্রনের জন্য ব্যবহারের পূর্বেই এলজিইডি'র জেলা বা কেন্দ্রীয় ল্যাবরেটরীতে নির্মাণ সামগ্রীর যথাযথ টেস্ট সম্পাদন করতে হবে। টেস্ট রিপোর্ট কর্মস্থলে ও সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করতে হবে।

৩. সিডিউল ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজ বাস্তবায়ন না হলে উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী সহ সংশ্লিষ্ট সকলেই দায়ী থাকবেন।

৪. কেবলমাত্র স্পেশিফিকেশন অনুযায়ী সম্পাদিত কাজের বিল পরিশোধ করা যাবে। উপজেলা প্রকৌশলী আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন। তিনি এতদ্‌সংক্রান্ত নথি, হিসাবাদি তাঁর দপ্তরে সংরক্ষণ করবেন এবং অডিট সংক্রান্ত বিষয়াদি নিস্পত্তির জন্য দায়ী থাকবেন।

৫. কাজ বাস্তবায়নকালে সংশ্লিষ্ট বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সরেজমিনে কাজ পরিদর্শন করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিবেন এবং সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করবেন।

৬. উপজেলা প্রকৌশলী কাজের হালনাগাদ অগ্রগতি ও বিবরণ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবেন।

৭. চূড়ান্ত বিল প্রদানের পূর্বে (চুক্তিমূল্যের কমপক্ষে ২৫% বিল) সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র নিকট থেকে কাজের গুনগতমান সম্পর্কে মতামত গ্রহণ করতে হবে।

৮. উপজেলা প্রকৌশলী মাসিক অগ্রগতি প্রতিবেদন ই-মেইলে (প্রতি মাসের শেষ দিনে) ও পরবর্তী মাসের ৪ তারিখের মধ্যে ডাক-যোগে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী'র দপ্তর, আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র দপ্তর এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), এলজিইডি, সদর দপ্তর বরাবর প্রেরণ নিশ্চিত করবেন।

৯. অর্থবছর শেষে উপজেলা ও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন সংস্কার/মেরামতের তালিকা স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

# উপজেলা ও ইউনিয়ন পরিষদ ভবনের বার্ষিক রক্ষণাবেক্ষণ কর্মকান্ডের সময়সূচিঃ

## আগামী অর্থবছরের জন্য রক্ষণাবেক্ষণের চাহিদা ও তালিকা প্রেরণের সময়সূচি

| ক্রমিক নং | কার্যাবলী | সময়সূচি |
|---|---|---|
| ১। | উপজেলা ও ইউনিয়ন পরিষদের মালিকানাধীন ভবনসমূহের তালিকা হালনাগাদকরণ, সংরক্ষণ ও অনুলিপি নির্বাহী প্রকৌশলী'র দপ্তর ও এলজিইডি সদর দপ্তরে প্রেরণ (সফ্ট কপিসহ)। | ৩১ জানুয়ারী এর মধ্যে |
| ২। | সরেজমিনে পরিদর্শন পূর্বক ভবনসমূহ রক্ষণাবেক্ষণের সম্ভাব্য চাহিদা নিরূপন। | ১৫ মার্চ এর মধ্যে |
| ৩। | উপজেলা প্রকৌশলী তাঁর উপজেলাধীন ইউপি হতে প্রাপ্ত ইউপি কমপ্লেক্স ভবন মেরামতের প্রস্তাবসমূহ এবং তাঁর উপজেলা পরিষদ ভবন মেরামতের প্রয়োজন হলে উহা উপজেলা পরিষদের সমন্বয় সভায় আলোচনা করে পরিষদের রেজুলেশনসহ উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ ভবনসমূহের রক্ষণাবেক্ষণের চাহিদার তালিকা পত্র মারফত সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি বরাবরে প্রেরণ। | ১৫ এপ্রিল এর মধ্যে |
| ৪। | জেলা কমিটি কর্তৃক কর্মপরিধিভূক্ত উপজেলা ও ইউনিয়ন পরিষদ ভবন সমূহ রক্ষণাবেক্ষণের চাহিদা সহ জেলা পর্যায়ের অগ্রাধিকার তালিকা চূড়ান্ত করণ ও এলজিইডি সদর দপ্তর, ঢাকা-তে প্রেরণ। | ১৫ মে এর মধ্যে |

## চলতি বছরের রক্ষণাবেক্ষণ সময়সূচি

| ক্রমিক নং | কার্যাবলী | সময়সূচি |
|---|---|---|
| ৫। | উপজেলা ও ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী বরাবর বরাদ্দ পত্র জারী। | ১০ জুলাই এর মধ্যে |
| ৬। | বিস্তারিত প্রাক্কলন সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি বরাবর প্রেরণ | ৩০ জুলাই এর মধ্যে |
| ৭। | নির্বাহী প্রকৌশলী'র দপ্তর থেকে সংশ্লিষ্ট আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র দপ্তরে অনুমোদনের নিমিত্তে প্রাক্কলন প্রেরণ। | ১৫ আগস্ট এর মধ্যে |
| ৮। | আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র দপ্তর কর্তৃক প্রাক্কলন অনুমোদন। | ৩০ আগস্ট এর মধ্যে |
| ৯। | দরপত্র আহ্বান। | ৭ সেপ্টেম্বর এর মধ্যে |
| ১০। | দরপত্র মূল্যায়ন, অনুমোদন, চুক্তি সম্পাদন। | ৩০ অক্টোবর এর মধ্যে |
| ১১। | ম্যানেজমেন্ট মিটিং। | ৭ নভেম্বর এর মধ্যে |
| ১২। | কাজ বাস্তবায়ন ও সমাপ্ত করণ। | ৩০ এপ্রিল এর মধ্যে |
| ১৩। | সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র মতামত গ্রহণ ও ব্যয় সম্পন্ন করা। | ৩১ মে এর মধ্যে |
| ১৪। | সমাপ্তি প্রতিবেদন এলজিইডি সদর দপ্তরে প্রেরণ। | ১৫ জুন এর মধ্যে |

ছক-১

# উপজেলা পরিষদ ভবন মেরামতের চাহিদাঃ

উপজেলাঃ জেলাঃ অঞ্চলঃ বিভাগঃ

(লক্ষ টাকায়)

| উপজেলা পরিষদ ভবনের বিবরণ | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ভবনের আয়তন (সকল তলার ফ্লোর এরিয়ার সমষ্টি) (বর্গফুট) | নির্মান সন | বিগত ৫(পাঁচ) বছরের মেরামতের বিবরণ (উৎসসহ) | | বর্তমান অবস্থার বিবরণ (জরাজীর্ণ/ অব্যবহারযোগ্য ইত্যাদি) | প্রস্তাবিত মেরামত কাজের বিবরণ (প্রধান প্রধান অংগের বিবরণ) | আনুমানিক চাহিদা |
| | | | সন | ব্যয় | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

স্বাক্ষরঃ ..................................
নামঃ ......................................
উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি,
উপজেলাঃ ............................
জেলাঃ ................................

স্বাক্ষরঃ ..................................
নামঃ ......................................
উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি,
উপজেলাঃ ............................
জেলাঃ ................................

স্বাক্ষরঃ ..................................
নামঃ ......................................
উপজেলা প্রকৌশলী, এলজিইডি,
উপজেলাঃ ............................
জেলাঃ ................................

ছক-২

## ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের চাহিদাসহ তালিকাঃ

উপজেলাঃ জেলাঃ অঞ্চলঃ বিভাগঃ

(লক্ষ টাকায়)

| ইউনিয়ন পরিষদ ভবনের বিবরণ | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | ইউনিয়নের পরিষদ কমপ্লেক্সের নাম | ভবনের আয়তন (সকল তলার ফ্লোর এরিয়ার সমষ্টি) (বর্গফুট) | নির্মান সন | বিগত ৫(পাঁচ) বছরের মেরামতের বিবরণ (উৎসসহ) | | বর্তমান অবস্থার বিবরণ (জরাজীর্ণ/ অব্যবহারযোগ্য ইত্যাদি) | প্রস্তাবিত মেরামত কাজের বিবরণ (প্রধান প্রধান অংগের বিবরণ) | আনুমানিক চাহিদা |
| | | | | সন | ব্যয় | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

স্বাক্ষরঃ ....................................
নামঃ ........................................
উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি,
উপজেলাঃ .............................
জেলাঃ .................................

স্বাক্ষরঃ ...................................
নামঃ ......................................
উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি,
উপজেলাঃ ............................
জেলাঃ ................................

স্বাক্ষরঃ ...................................
নামঃ .......................................
উপজেলা প্রকৌশলী, এলজিইডি,
উপজেলাঃ .............................
জেলাঃ ................................

ছক-৩

## উপজেলা পরিষদ ভবন মেরামতের চাহিদাসহ তালিকাঃ

জেলাঃ অঞ্চলঃ বিভাগঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | উপজেলার নাম | উপজেলা পরিষদ ভবনের বিবরণ | | | |
|---|---|---|---|---|---|
| | | ভবনের আয়তন (সকল তলার ফ্লোর এরিয়ার সমষ্টি) (বর্গফুট) | বর্তমান অবস্থার বিবরণ (জরাজীর্ণ/ অব্যবহারযোগ্য ইত্যাদি) | প্রস্তাবিত মেরামত কাজের বিবরণ (প্রধান প্রধান অংগের বিবরণ) | আনুমানিক চাহিদা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

স্বাক্ষরঃ ...................................
নামঃ .......................................
সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি
জেলাঃ ..........................

স্বাক্ষরঃ ....................................
নামঃ .......................................
নির্বাহী প্রকৌশলী, এলজিইডি
জেলাঃ ..........................

## ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের চাহিদাসহ তালিকাঃ

জেলাঃ অঞ্চলঃ বিভাগঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদ ভবনের বিবরণ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ইউনিয়নের পরিষদের নাম | ভবনের আয়তন (সকল তলার ফ্লোর এরিয়ার সমষ্টি) (বর্গফুট) | বর্তমান অবস্থার বিবরণ (জরাজীর্ণ/ অব্যবহারযোগ্য ইত্যাদি) | প্রস্তাবিত মেরামত কাজের বিবরণ (প্রধান প্রধান অংগের বিবরণ) | আনুমানিক চাহিদা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

স্বাক্ষরঃ ....................................
নামঃ ......................................
সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি
জেলাঃ ..........................

স্বাক্ষরঃ ....................................
নামঃ ......................................
নির্বাহী প্রকৌশলী, এলজিইডি
জেলাঃ ..........................

ছক-৫

## উপজেলা পরিষদের ভবন মেরামতের জন্য জেলা পর্যায়ের অগ্রাধিকার তালিকাঃ

জেলাঃ অঞ্চলঃ বিভাগঃ

| ক্রমিক নং | উপজেলা পরিষদের নাম (জেলা কমিটির সুপারিশ অনুযায়ী অগ্রাধিকার তালিকা) | মেরামতের জন্য সম্ভাব্য চাহিদা (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |

স্বাক্ষরঃ ...................................
নামঃ ......................................
নির্বাহী প্রকৌশলী, এলজিইডি
জেলাঃ .........................

স্বাক্ষরঃ ...................................
নামঃ ......................................
উপ-পরিচালক (স্থানীয় সরকার)
জেলাঃ .........................

স্বাক্ষরঃ ...................................
নামঃ ......................................
জেলা প্রশাসক
জেলাঃ .........................

ছক-৬

## ইউনিয়ন পরিষদের ভবন মেরামতের জন্য জেলা পর্যায়ের অগ্রাধিকার তালিকাঃ

জেলাঃ                    অঞ্চলঃ                    বিভাগঃ

| ক্রমিক নং | ইউনিয়ন পরিষদের নাম (জেলা কমিটির সুপারিশ অনুযায়ী অগ্রাধিকার তালিকা) | উপজেলার নাম | মেরামতের জন্য সম্ভাব্য চাহিদা (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

স্বাক্ষরঃ ..................................
নামঃ .....................................
নির্বাহী প্রকৌশলী, এলজিইডি
জেলাঃ .........................

স্বাক্ষরঃ ..................................
নামঃ .....................................
উপ-পরিচালক (স্থানীয় সরকার)
জেলাঃ .........................

স্বাক্ষরঃ ..................................
নামঃ .....................................
জেলা প্রশাসক
জেলাঃ .........................